

Newspaper Clippings

Anandabazar
Patrika:10.01.2025

পুরস্কার বিতরণ

বিষ্ণুপুর: বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত ভড়া কাঠিয়া বাবা মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান হল। চামচ-গুলি দৌড়, মিউজিকাল চেয়ার, যেমন খুশি সাজো-সহ ২০টি খেলা নিয়ে ওই প্রতিযোগিতাটি হয় সম্প্রতি। অধ্যক্ষা ডঃ কাকলি ঘোষ সেনগুপ্ত জানান, 'প্রধান অতিথি হিসেবে ছিলেন বাঁকুড়া জেলা পরিষদের খাদ্য কর্মাধ্যক্ষ সহদেব বাগদী। স্থানাধিকারীদের শংসাপত্র ও ট্রফি দিয়ে পুরস্কৃত করা হয়।'

পাঁচালের জয়

সোনামুখী: ফুটবল

প্রতিযোগিতায় সফল
'সোনামুখী মার্শাল
প্রশিক্ষণ কেন্দ্রের
সংস্থার পক্ষে মনি
জানান, ৪ জানুয়ারি
ওপেন কিওকিউসি
চ্যাম্পিয়নশিপে' এ
ঘোষ কাতা কৌশল
প্রথম হন। ওই ই
এবং কুমি কৌশল
প্রথম হন অগ্নি
সাগ্নিক চট্টোপা
হয়েছেন জয়তী
ধীবর, শুভজি
দ্বিতীয় হন রত্ন
সাফল্যে গর্বি

চতুর্থ

ঝালদা:
প্রিমিয়ার লিগে


ক৪

পুরুলিয়া-বাঁকুড়া / অন

মাঠে ময়দানে

বার্ষিক ক্রীড়া

বিষ্ণুপুর: স্বামী ধনঞ্জয় দাস কাঠিয়াবাবা মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা হয়েছে। কলেজের অধ্যক্ষ কাকলি ঘোষ সেনগুপ্ত জানান, যোগ দিয়েছিলেন ২০০ জন পড়ুয়া, প্রাক্তনীরা ও শিক্ষক-শিক্ষিকা কর্মীরা। ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, লং জাম্প, ডিসকাস থ্রো, শটপুটের মতো ইভেন্ট ছিল ছাত্রদের জন্য। ছাত্রীদের জন্য ছিল মিউজিক্যাল চেয়ার, স্পুন রেস। ছিল ১৫০০ মিটার দৌড় ও যেমন খুশি সাজো প্রতিযোগিতা। প্রধান অতিথি ছিলেন পান্ডুসায়র কলেজের অধ্যক্ষ সন্তোষ কোনার, ভড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান আশিস ঘোষ। কলেজটির পরিচালন সমিতির সদস্য বলাইচন্দ্র গরাই জানান, যেমন খুশি সাজো প্রতিযোগিতায় কলেজের শিক্ষা



অ্যাসোসিয়েশনের দশ জন ছাত্র-ছাত্রী।

শুভেন্দু দাসের জুটি ছিল পুরস্কার বিতরণী।

আদ্রায় ফুটবল

আদ্রা: আদ্রায় শুরু হল ডিআরএম কাপ ফুটবল প্রতিযোগিতা।

স্কুলে খেলা

শালডিহা: দৌড়, শট পুট, চামচ-গুলি, অঙ্ক দৌড়, মিউজিক্যাল

সে আমলা হওয়ার স্বপ্ন দেখাতে সভা

নিজস্ব সংবাদদাতা

বিষ্ণুপুর

হল
নয়ে।
নতুন
ানো
পত্র
চিত
য়ের
মিকে
ওয়া
নতুন
গায়া
সিক,
য়ার
রণ)
য়ার
ভূমি
জলা
টার
ব্রক
নন্দে
চনা,
রির
খীর

ইচ্ছা থাকলে প্রত্যন্ত গ্রাম থেকে প্রশাসনের সর্বোচ্চ স্তরের চাকরি পাওয়াও সম্ভব। বিষ্ণুপুরের রামানন্দ কলেজ, কেজি কলেজ ও ধনঞ্জয় দাস কাঠিয়াবাবা কলেজের কয়েকশো ছাত্রছাত্রীর মনে সেই ভরসা জাগানোর চেষ্টা করলেন বাঁকুড়ার জেলা শাসক সিয়াদ এন, খাতড়া ও বিষ্ণুপুরের মহকুমাশাসক যথাক্রমে নেহা বন্দ্যোপাধ্যায়, প্রসেনজিৎ ঘোষ-সহ একাধিক জেলা আধিকারিক।

বৃহস্পতিবার বিষ্ণুপুর কেজি কলেজে ওই শিবিরের আয়োজন করেছিল বিষ্ণুপুর মহকুমা গ্রন্থাগার ও মহকুমা কার্যালয়। একই সঙ্গে পালিত হয় জাতীয় ভোটার দিবস। সিভিল সার্ভিস পরীক্ষার প্রস্তুতি কী ভাবে নেওয়া যায়, তা বুঝিয়ে বলেন জেলাশাসক। নিজের জীবনের ঘটনা তুলে ধরে সবাইকে উৎসাহ দেন।

এক ছাত্র জানান, পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেট জেলা থেকে তুলতে গিয়ে এক সরকারি কর্মীর অবহেলার শিকার হওয়ার

পরে তিনি আইপিএস অফিসার হওয়ার জেদ ধরেছেন। এক ছাত্রী জানান, আইএএস অফিসার হয়ে তিনি দেশের পরিকাঠামোগত সমস্যা মেটানোর স্বপ্ন দেখেন।

তবে বর্তমানে দেশের সর্বোচ্চ পরীক্ষায় বসতে বেসরকারি উদ্যোগের পাশে সরকারি ভাবে প্রশিক্ষণেরও ব্যবস্থা রয়েছে বলে জানান বিষ্ণুপুরের মহকুমাশাসক। তিনি বলেন, “ছাত্রছাত্রীদের মধ্যে সিভিল সার্ভিস পরীক্ষায় বসার ইচ্ছাটা তৈরি করতে পারলে কোথাও আটকাবে না। একবার অকৃতকার্য হলেও হাল ছেড়ে দেওয়া চলবে না। নিখরচায় থেকে প্রশিক্ষণের সুবিধাও কোথাও কোথাও রয়েছে। মহকুমা বা জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ করলে যে কেউ চাইলে সিভিল সার্ভিসের যে কোনও বিভাগে কেরিয়ার নিয়ে পরামর্শ নিতে পারে। আমরা চাই আরও বেশি করে গ্রাম-গঞ্জের ছেলেমেয়েরা আইএএস, আইপিএস হন।”



■ বিষ্ণুপুর কেজি কলেজে জেলাশাসক সিয়াদ এন। নিজস্ব চিত্র

বিষ্ণুপুরে ভড়া কলেজে ক্যান্টিন ও গার্ডরুমের উদ্বোধন

এক

সংবাদদাতা, বিষ্ণুপুর: মঙ্গলবার বিষ্ণুপুরে ভড়া কলেজে ক্যান্টিন ও গার্ডরুমের নতুন ভবনের উদ্বোধন হয়। উদ্বোধন করে কলেজের অধ্যক্ষা কাকলি ঘোষ সেনগুপ্ত। অনুষ্ঠানে কলেজ পরিচালন কমিটির সভাপতি গোরাপদ দে, ভড়া গ্রামপঞ্চায়েতের প্রধান অশিস ঘোষ সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। কলেজ সূত্রে জানা গিয়েছে, এতদিন কলেজের একটি



পরিত্যক্ত ক্লাসরুমে ক্যান্টিন চালানো হত। এছাড়াও গার্ডরুমও ছিল না। কলেজের পক্ষ থেকে এনিয় রাজ

সরকারের উচ্চশিক্ষা দপ্তরে প্রস্তাব পাঠানো হয়েছিল। তা মঞ্জুর হয়। আধুনিক মানের ক্যান্টিন তৈরি করা হয়। এদিন তা চালু করা হয়। এছাড়াও একই সঙ্গে এদিন একটি গার্ডরুমেরও আনুষ্ঠানিক উদ্বোধন হয়। • বিষ্ণুপুরে ভড়া কলেজে গার্ডরুমের নতুন ভবনের উদ্বোধন করছেন অধ্যক্ষা কাকলি ঘোষ সেনগুপ্ত। -নিজস্ব চিত্র

গোক
গাঁদের